

অনুষ্ঠানে প্রধান অতিথির আসন গ্রহণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেডিসিন/নার্সিং অনুষদের ভারপ্রাপ্ত ডীন ডাঃ প্রফেসর জিয়াউর রহমানকে আমন্ত্রিত করা হলেও দুর্ভাগ্য বশত শারীরিক অসুস্থতার কারণে তিনি সেখানে অনুপস্থিত ছিলেন। অনুষ্ঠানে খালেদা জিয়া মেডিকেল কলেজের প্রিন্সিপাল ডাঃ প্রফেসর এমএ কাদের বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

কুমুদিনী নার্সিং কলেজের প্রিন্সিপাল মিসেস বীণা'শ অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের শপথ গ্রহণ পরিচালনা করেন। তিনি সেখানে শিক্ষার্থীদের দুঃস্থ ও পীড়িত মানুষের সেবায় নিজেকে বিলিয়ে দেয়ার মহৎ প্রচেষ্টায় উচ্চশিক্ষার ওপর গুরুত্বারোপ করেন এবং সেবিকা বোনদের কর্মক্ষমতা বাড়ানোর প্রচেষ্টার প্রতি আহবান জানান।

সেখানে উপস্থিত সদস্যদের মধ্যে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ম্যানেজিং ডিরেক্টরের মাতা এবং কুমুদিনী ট্রাস্টের প্রতিষ্ঠাতা রণদা প্রসাদ সাহার পুত্রবধু মিসেস শ্রীমতি সাহা আর্ত মানবতার সেবায় শিক্ষার্থীদের তার শ্বশুরের আদর্শ প্রতিষ্ঠা করার আহবান জানান। কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শিক্ষা এবং প্রশাসক কুমুদিনী মির্জাপুর মিস প্রতিভা মুৎসুদ্দি কুমুদিনীর প্রতিষ্ঠাতা রায়বাহাদুর রণদা প্রসাদ সাহার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে শিক্ষার্থীদের এই পেশায় নিজেকে নিয়োজিত করার মানসিকতাকে সাদর সম্ভাষণ জানান।

সেখানে উপস্থিত ডাঃ দুলাল চন্দ্র পোদ্দার, ডাঃ প্রফেসর এম এ জলিল, কুমুদিনী ট্রাস্টের উপদেষ্টা ডাঃ প্রফেসর শাহ মনির হোসেন আন্তরিকতার সাথে নবাগত শিক্ষার্থীদের অভিনন্দন জানান।

ডাঃ প্রফেসর এম এ কাদের সেবিকা বোনদের গুণগত মান বৃদ্ধি করার লক্ষ্যে নার্সিং এ উচ্চশিক্ষার প্রতি গুরুত্বারোপ করেন।

সেবিকা বোনদের উৎসাহিত করার লক্ষ্যে তিনি পূর্ববর্তী কয়েকজন মহৎ সেবিকা বোনদের দৃষ্টান্ত তুলে ধরেন এবং তাদের পথ অনুসরণ করে সেবিকা বোনদের এগিয়ে যাবার আহবান জানান।

অনুষ্ঠানে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ম্যানেজিং ডিরেক্টর সেবিকা বোনদের তার পিতামহের আদর্শে উজ্জীবিত হয়ে আর্তমানবতার সেবায় অর্জিত জ্ঞান সৃষ্টভাবে কাজে লাগানোর অনুরোধ জানান।

অবশেষে এক মনোমুগ্ধকর সাংস্কৃতিক আয়োজনের মধ্য দিয়ে অনুষ্ঠানটির পরিসমাপ্তি ঘটে। উক্ত অনুষ্ঠানের সাংস্কৃতিক পর্বে বিশেষ আকর্ষণ ছিল নার্সিং স্কুলের শিক্ষার্থীদের দ্বারা পরিচালিত একক চিত্রনাট্য।

Dr. Professor. Zia-Ur-Rahman, Dean, Faculty of Medicine/Nursing, Dhaka Univeristy was invited to grace the occasion as the Chief Guest, but unfortunately he was unable to attend due to sudden ill health.

Dr. Professor M.A. Kader, Principal, Khaleda Zia Medical College, Dhaka attended as special guest. Mrs. Beatrice Bina Shaw, Principal, Kumudini Nursing College administered the oath to the new students and enrolled them to pursure higher education diligently to acquire knowledge and advanced skills to be able to render superior quality health care to the sick and suffering people of our nation.

Mrs. Sreemati Shaha, mother of the managing director and the daughter-in-law of the founder of the Kumudini Welfare Trust, Raibahadur Ranada Prasad Shaha, spoke of the dedication humanity as practiced by her father-in-law. She entreated the students to follow his example in caring for the sick and suffering people of our community. Miss. Protiva Mutsuddy, retired principal of the Bharateswari Homes High School and currently director of education and administrator of the KWT, Mirzapur Complex who worked closely with the founder paid tribute to his memory and welcomed the nursing students for choosing the profession of service to the needy people of Bangladesh. Dr. Dulal Chandra Podder, Director, Kumudini Women's Medical College and Hospital welcomed the students and wished them well in their studies. Dr. Professor M.A. Jalil, ex-principal, Kumudini Women's Medical College also welcomed the new students and assured them of his and his staff's support to the Kumudini Nursing College whenever needed. Dr. Professor Shah Monir Hossain, advisor to Kumudini Welfare Trust was happy to welcome the new students and mentioned that qualified and skilful nurses are important to help in the care of patients. Dr. Professor M.A. Kader emphasised the importance of higher education for nurses and stated that it is important to have nurses with advanced training so that they can provide care that is needed with the advancement of medical science. He cited some examples of good nurses that he associated in the past and hoped that the new nurses would acquire knowledge and skills to participate in the health care of our country. Medical science can advance further with competent nursing care. The Managing Director reiterated the importance of dedication in serving the people in keeping with the ideals of his grand father. He wished the students success in their pursuit of knowledge and requested them to use the knowledge and skills while caring for the patients. The inaugural ceremony was followed by a cultural show in which students of the Kumudini Women's Medical College, School of Nursing and the Kumudini Nursing College participated. The highlight of the show was a one-act dance drama that portrayed a childhood story that grandmothers used to tell children in the past which is solely missed today in the days of television and other technology.